



ভুলে আছি ভাল আছি

ভজন সরকার

(১)

এই ভুলে আছি - এই ভাল আছি
মিলেজুলে আছি ভুলে আর ভালে,
ভাল আছি বেশ-ভুলে আছি বেশ
ভাল থাকি যেনো ভুলে থাকি বলে ।

(২)

আজকাল ভাল থাকি বেশ
আজকাল ভুলে থাকি বেশ
আজকাল ভুলে থেকেই ভাল থাকি বেশ
আজকাল ভুলে আর ভালে - ভাল থাকি বেশ ।

আজকাল যেনো সব ভুলে থাকি
সুদূর অতীত - স্বর্নালী দিন
পিলে চমকানো টেলিফোন রিং;
আজকাল যেনো কথা যাই ভুলে
প্রিয় কোনো মানুষের মুখ
আজকাল যেনো ভুলে থেকে মেলে - নির্বোধ সুখ ।

আজকাল যেনো ভাল থাকি খুব
আকাশকে রেখে নিজের দেরাজে
স্বপ্নের মাঠে ওড়াইনা ঘুড়ি;
আজকাল কোনো স্মৃতিময় পথে অলি গলি ঘুরে
খুঁজে পাই নাকো - স্বপ্নের বাড়ি ।

আজকাল যেনো ভুলে থেকে থেকে
আবছায়া লাগে মানুষের মুখ;
আজকাল যেনো ভাল থেকে মেলে-নির্বোধ সুখ ॥

॥ মার্চ ০৭, ২০০৮ ॥ নায়েগ্রা ফলস, কানাডা ॥